# সূচিপত্র


| | | পৃষ্ঠা |
|---|---|---|
| ♦ | **কলিঙ্গদেশে ঝড়-বৃষ্টি**— মুকুন্দ চক্রবর্তী | ১—৫ |
| ♦ | **ধীবর-বৃত্তান্ত**— কালিদাস | ৬—১১ |
| ♦ | **ইলিয়াস**— লিও তলস্তয় | ১২—১৮ |
| ♦ | **দাম**— নারায়ণ গঙ্গোপাধ্যায় | ১৯—২৬ |
| ♦ | **নব নব সৃষ্টি**— সৈয়দ মুজতবা আলী | ২৭—৩২ |
| ♦ | **হিমালয় দর্শন**— বেগম রোকেয়া | ৩৩—৩৯ |
| ♦ | **নোঙর**— অজিত দত্ত | ৪০—৪৪ |
| ♦ | **খেয়া**— রবীন্দ্রনাথ ঠাকুর | ৪৫—৪৮ |
| ♦ | **আকাশে সাতটি তারা**— জীবনানন্দ দাশ | ৪৯—৫২ |
| ♦ | **আবহমান**— নীরেন্দ্রনাথ চক্রবর্তী | ৫৩—৫৭ |
| ♦ | **ভাঙার গান**— কাজী নজরুল ইসলাম | ৫৮—৬২ |
| ♦ | **চিঠি**— স্বামী বিবেকানন্দ | ৬৩—৬৮ |
| ♦ | **আমরা**— সত্যেন্দ্রনাথ দত্ত | ৬৯—৭৫ |
| ♦ | **নিরুদ্দেশ**— প্রেমেন্দ্র মিত্র | ৭৬—৮২ |
| ♦ | **রাধারাণী**— বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় | ৮৩—৮৯ |
| ♦ | **চন্দ্রনাথ**— তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায় | ৯০—৯৬ |
| ♦ | **ব্যোমযাত্রীর ডায়রি**— সত্যজিৎ রায় | ৯৭—১০৫ |
| ♦ | **কর্ভাস**— সত্যজিৎ রায় | ১০৬—১১২ |
| ♦ | **স্বর্ণপর্ণী**— সত্যজিৎ রায় | ১১৩—১১৯ |
| ♦ | **ধ্বনি ও বাংলা ধ্বনির শ্রেণিবিভাগ** | ১২০—১২৩ |
| ♦ | **ধ্বনি পরিবর্তনের কারণ ও পরিবর্তনের বিভিন্ন রীতি** | ১২৪—১২৮ |
| ♦ | **সন্ধি** | ১২৯—১৩২ |
| ♦ | **শব্দ গঠন ও বাংলা শব্দভাণ্ডার** | ১৩৩—১৪০ |
| ♦ | **শব্দ ও পদ** | ১৪১—১৫০ |
| ♦ | **প্রবন্ধ রচনা** | ১৫১—১৭০ |
| ♦ | **ভাব-সম্প্রসারণ** | ১৭১—১৭৫ |
| ♦ | **ভাবার্থ লিখন** | ১৭৬—১৭৮ |
| ♦ | **সারাংশ** | ১৭৯—১৮১ |
| ♦ | **গল্প লিখন** | ১৮২—১৮৮ |


✦ এই বইয়ের সব থেকে গুরুত্বপূর্ণ এবং অভিনব বিষয়টি হল, এই বইয়ের সাথে ছাত্রছাত্রীরা তাদের সর্বক্ষণের ছায়াসঙ্গী হিসাবে পেয়ে যাবে একজন **Digital Private Tutor**। এই বইয়ের সাথে যে স্মার্ট কার্ডটি ছাত্রছাত্রীরা পাবে, সেই কার্ডে থাকা কোড-এর মাধ্যমে **Learning App**-এর এই সাবজেক্টের ভিডিয়ো ক্লাসগুলি তারা দেখার সুযোগ পাবে। যেখানে প্রতিটি অধ্যায়ের প্রত্যেকটি টপিক, গ্রাফিক্স-অ্যানিমেশনের মাধ্যমে গল্পের ছলে সিনেমার মতো করে বুঝিয়েছেন আমাদের অভিজ্ঞ শিক্ষক-শিক্ষিকারা। অর্থাৎ এই বইয়ের সাথে ছাত্রছাত্রীদের কাছে ২৪ ঘণ্টা উপস্থিত থাকছেন একজন **Digital Private Tutor**।

✦ এই বইয়ের একটি অন্যতম আকর্ষণ হল অধ্যায়ভিত্তিক **Mock Test** দেওয়ার সুযোগ। প্রত্যেকটি অধ্যায়ের শেষে ওই অধ্যায়ের উপর ছাত্রছাত্রীরা একটি প্রশ্নপত্র পাবে। প্রত্যেকটি অধ্যায়ের প্রশ্নপত্রের উপর পরীক্ষা দিয়ে সেই উত্তরপত্রের ছবি তুলে **Learning App**-এ আপলোড করে দিলেই ওই প্রশ্নপত্রের **Model Answer** ছাত্রছাত্রীরা ডাউনলোড করে নিতে পারবে। আরও জানতে **Call** করো এই নম্বরে— **9903985050**

প্রত্যেকটি বিষয়ের জন্য অধ্যায়ভিত্তিক ছোটো ছোটো ভিডিয়ো ক্লাসের আকারে বইয়ের বিষয়গুলি সুন্দর করে বোঝানো হয়েছে এই **Learning App**-এ। ঝকঝকে গ্রাফিক্স, দুর্দান্ত অ্যানিমেশন, সঙ্গে অভিজ্ঞ শিক্ষক-শিক্ষিকাদের ভরসা। সম্পূর্ণ গল্পের ছলে সিনেমার মতো করে প্রাঞ্জল ভাষায় ছাত্রছাত্রীদের কাছে পৌঁছে যাচ্ছে ভাষা থেকে বিজ্ঞান, অঙ্ক থেকে ইতিহাস, ভূগোল সমস্ত বিষয়ের সিলেবাসভিত্তিক জ্ঞান। পশ্চিমবঙ্গ বোর্ডের বাংলা মাধ্যমের শিক্ষার্থীদের কাছে তাই এই **Learning App** হল অনলাইন শিক্ষার সর্বাঙ্গীণ অ্যাপ। সপ্তম শ্রেণি থেকে দ্বাদশ শ্রেণির ছাত্রছাত্রীদের পরীক্ষায় ভালো নম্বর ও সর্বাঙ্গীণ উন্নতিই আমাদের একমাত্র লক্ষ্য।

## LIST OF VIDEOS IN LEARNING APP

| Chapter | Sl. No | Topics | Duration |
|---|---|---|---|
| কলিঙ্গদেশে ঝড়-বৃষ্টি | ১ | ভূমিকা | 07:01 Mins |
| | ২ | কাব্য ও কবিপ্রতিভা | 07:20 Mins |
| | ৩ | কবিতার ব্যাখ্যা | 13:53 Mins |
| | ৪ | প্রাকৃতিক বিপর্যয় বর্ণনা ও নামকরণের সার্থকতা বিচার | 08:03 Mins |
| ধীবর-বৃত্তান্ত | ১ | ভূমিকা | 08:50 Mins |
| | ২ | ধীবর ও রাজ্ শ্যালকের চরিত্র | 10:49 Mins |
| | ৩ | দুই রক্ষীর চরিত্র ও সমাজচিত্র | 09:42 Mins |
| | ৪ | সংলাপ ও নামকরণ | 09:01 Mins |
| ইলিয়াস | ১ | ভূমিকা | 06:07 Mins |
| | ২ | ইলিয়াসের চরিত্র | 05:14 Mins |
| | ৩ | শাম-শেমাগি-মহম্মদ শা | 06:53 Mins |
| | ৪ | ইলিয়াস গল্পের জীবন দর্শন | 08:11 Mins |
| | ৫ | নামকরণের সার্থকতা | 04:12 Mins |
| দাম | ১ | ভূমিকা | 05:47 Mins |
| | ২ | সুকুমার চরিত্র | 06.57 Mins |
| | ৩ | মাস্টারমশাই চরিত্র | 07:18 Mins |
| | ৪ | ছাত্র-শিক্ষক সম্পর্ক, বর্তমান শিক্ষাব্যবস্থার সমালোচনা | 08:51 Mins |
| | ৫ | নামকরণের সার্থকতা | 07:01 Mins |
| | ৬ | ছোটোগল্প হিসাবে সার্থকতা | 04:59 Mins |

## LIST OF VIDEOS IN LEARNING APP

| Chapter | Sl. No | Topics | Duration |
|---|---|---|---|
| নব নব সৃষ্টি | ১ | ভূমিকা | 04:19 Mins |
| | ২ | পাঠ ও ব্যাখ্যা-১ | 09:48 Mins |
| | ৩ | পাঠ ও ব্যাখ্যা-২ | 11:20 Mins |
| | ৪ | পাঠ ও ব্যাখ্যা-৩ | 09:40 Mins |
| | ৫ | পাঠ ও ব্যাখ্যা-৪ | 07:41 Mins |
| | ৬ | পাঠ ও ব্যাখ্যা-৫ | 09:38 Mins |
| | ৭ | নামকরণের সার্থকতা | 07:37 Mins |
| হিমালয় দর্শন | ১ | ভূমিকা | 04:50 Mins |
| | ২ | পাঠ ও ব্যাখ্যা-১ | 08:14 Mins |
| | ৩ | পাঠ ও ব্যাখ্যা-২ | 07:35 Mins |
| | ৪ | পাঠ ও ব্যাখ্যা-৩ | 07:45 Mins |
| | ৫ | ভ্রমণ সাহিত্য হিসাবে সার্থকতা, নামকরণের সার্থকতা | 06:06 Mins |
| নোঙর | ১ | ভূমিকা | 05:41 Mins |
| | ২ | কবিতার ব্যাখ্যা | 10:34 Mins |
| | ৩ | জীবনের অপূর্ণতার বেদনার সূত্রে জীবন সত্যের উন্মোচন | 08:28 Mins |
| | ৪ | রোমান্টিক কবিতা | 08:16 Mins |
| | ৫ | রূপক কবিতা ও নামকরণের সার্থকতা | 08:23 Mins |
| খেয়া | ১ | ভূমিকা | 06:10 Mins |
| | ২ | কবিতার ব্যাখ্যা | 12:33 Mins |
| | ৩ | দার্শনিক চেতনা/মানবসভ্যতার আবহমান ইতিহাস | 08:35 Mins |
| | ৪ | নামকরণের সার্থকতা | 07:06 Mins |

## LIST OF VIDEOS IN LEARNING APP

| Chapter | Sl. No | Topics | Duration |
|---|---|---|---|
| আকাশে সাতটি তারা | ১ | ভূমিকা | 07:49 Mins |
| | ২ | কবিতার ব্যাখ্যা | 15:02 Mins |
| | ৩ | রূপসী বাংলার রূপকথা | 08:10 Mins |
| | ৪ | সনেট কবিতা | 05:29 Mins |
| | ৫ | উপমা ও চিত্রকল্পের ব্যবহার | 08: 02 Mins |
| | ৬ | নামকরণের সার্থকতা বিচার | 02:57 Mins |
| আবহমান | ১ | ভূমিকা | 03:28 Mins |
| | ২ | ব্যাখ্যা | 14:00 Mins |
| | ৩ | বঙ্গ প্রকৃতির রূপ ও মানুষের সঙ্গে প্রকৃতির আবহমান সম্পর্ক | 09:21 Mins |
| | ৪ | নামকরণের সার্থকতা | 06:07 Mins |
| ভাঙার গান | ১ | ভূমিকা | 04:32 Mins |
| | ২ | কবিতার ব্যাখ্যা | 12:43 Mins |
| | ৩ | বিদ্রোহী মনোভাব ও স্বদেশপ্রীতি | 07:32 Mins |
| | ৪ | নামকরণের সার্থকতা | 07:19 Mins |
| চিঠি | ১ | ভূমিকা | 06:35 Mins |
| | ২ | পাঠ ও ব্যাখ্যা-১ | 07:56 Mins |
| | ৩ | পাঠ ও ব্যাখ্যা-২ | 06:06 Mins |
| | ৪ | বিবেকানন্দের ভারত ভাবনা, তার চরিত্রের বিভিন্ন দিক | 08:32 Mins |
| আমরা | ১ | ভূমিকা | 05:29 Mins |
| | ২ | কবিতার ব্যাখ্যা-১ | 16:18 Mins |
| | ৩ | কবিতার ব্যাখ্যা-২ | 15:20 Mins |
| | ৪ | কবিতার ব্যাখ্যা-৩ | 17:36 Mins |
| | ৫ | কবিতার ব্যাখ্যা-৪ | 12:40 Mins |
| | ৬ | কবিতার মূল বক্তব্য ও নামকরণের সার্থকতা | 11:30 Mins |

## LIST OF VIDEOS IN LEARNING APP

| Chapter | Sl. No | Topics | Duration |
|---|---|---|---|
| নিরুদ্দেশ | ১ | গল্পকার ও গল্পসার (ভূমিকা) | 08:05 Mins |
| | ২ | সোমেশ চরিত্র, শোভন চরিত্র, সোমেশই কি শোভন? | 10:05 Mins |
| | ৩ | প্রতিফলিত বাঙালি মায়ের চিত্র, নিরুদ্দেশ গল্পের দুটি অংশে প্রতিফলিত পিতৃহৃদয়ের স্বরূপ | 09:11 Mins |
| | ৪ | খবরের কাগজের অফিসের প্রসঙ্গ, নামকরণের সার্থকতা বিচার | 04:20 Mins |
| | ৫ | নিরুদ্দেশ গল্পে কমেডি ও ট্র্যাজেডির আশ্চর্য সমন্বয় ঘটিয়েছেন প্রেমেন্দ্র মিত্র | 06:45 Mins |
| | ৬ | ছোটগল্প হিসাবে নামকরণের সার্থকতা | 05:36 Mins |
| রাধারাণী | ১ | গল্পকার ও গল্পসার (ভূমিকা) | 08:34 Mins |
| | ২ | রাধারাণীর চরিত্র | 06:17 Mins |
| | ৩ | রাধারাণীর মায়ের চরিত্র | 05:53 Mins |
| | ৪ | রুক্মিণীকুমার রায় ও পদ্মলোচন সাহার চরিত্র | 05:17 Mins |
| | ৫ | সমাজচিত্র, নামকরণের সার্থকতা | 06:29 Mins |
| চন্দ্রনাথ | ১ | গল্পকার ও গল্পসার | 08:28 Mins |
| | ২ | চন্দ্রনাথ চরিত্র | 06:59 Mins |
| | ৩ | কথকের চরিত্র, হীরু চরিত্র | 09:58 Mins |
| | ৪ | চন্দ্রনাথের দাদা নিশানাথের চরিত্র, প্রধান শিক্ষক মহাশয়ের চরিত্র | 07:39 Mins |
| | ৫ | নামকরণের সার্থকতা বিচার, ছোটোগল্প হিসেবে সার্থকতা বিচার | 05:16 Mins |
| ব্যোমযাত্রীর ডায়রি | ১ | প্রফেসর শঙ্কুর ডায়রি আবিষ্কার ও ডায়েরির বিশেষত্ব | 07:23 Mins |
| | ২ | মঙ্গলযাত্রার প্রস্তুতিপর্ব | 08:29 Mins |
| | ৩ | মঙ্গল ও টাফা ভ্রমণের অভিজ্ঞতা | 10:05 Mins |

| LIST OF VIDEOS IN LEARNING APP | | | |
|---|---|---|---|
| **Chapter** | **Sl. No** | **Topics** | **Duration** |
| কর্ভাস | ১ | কর্ভাস পর্ব-১ | 10:34 Mins |
| | ২ | কর্ভাস পর্ব-২ | 10:18 Mins |
| স্বর্ণপর্ণী | ১ | ভূমিকা | 06:24 Mins |
| | ২ | প্রফেসর শঙ্কুর জীবনকথা ও তার আবিষ্কারসমূহ | 08:38 Mins |
| | ৩ | শঙ্কুর পিতার পরিচয়, তার প্রথম আবিষ্কারের কাহিনি, বিজ্ঞানী হিসাবে আন্তর্জাতিক স্বীকৃতি | 11:19 Mins |
| | ৪ | মিরাকিউলার আবিষ্কারের পর প্রথম ইউরোপ ভ্রমণের অভিজ্ঞতা | 12:18 Mins |
| ধ্বনি ও বাংলা ধ্বনির শ্রেণিবিভাগ | ১ | ধ্বনির সংজ্ঞা ও শ্রেণিবিভাগ | 08:38 Mins |
| | ২ | মৌলিক স্বরধ্বনি | 04:46 Mins |
| | ৩ | ব্যঞ্জনধ্বনি, উচ্চারণ স্থান অনুসারে ব্যঞ্জনধ্বনির শ্রেণিবিভাগ | 06:22 Mins |
| | ৪ | ব্যঞ্জনধ্বনি | 13:45 Mins |
| | ৫ | ব্যঞ্জনধ্বনির শ্রেণিবিভাগ | 07:19 Mins |
| ধ্বনি পরিবর্তনের কারণ ও পরিবর্তনের বিভিন্ন রীতি | ১ | ধ্বনি পরিবর্তনের কারণ | 07:03 Mins |
| | ২ | ধ্বনি পরিবর্তনের নিয়ম | 09:57 Mins |
| | ৩ | ধ্বনি লোপ | 07:33 Mins |
| | ৪ | স্বরধ্বনির রূপান্তর | 07:05 Mins |
| | ৫ | ব্যাঞ্জন ধ্বনি রূপান্তর (ভাগ-১) | 12:59 Mins |
| | ৬ | ব্যাঞ্জন ধ্বনি রূপান্তর (ভাগ-২) | 12:26 Mins |
| সন্ধি | ১ | সন্ধি ও তার প্রকারভেদ | 07:52 Mins |
| | ২ | স্বরসন্ধির নিয়ম | 09:11 Mins |
| | ৩ | ব্যঞ্জনসন্ধির নিয়ম-১ | 07:28 Mins |
| | ৪ | ব্যঞ্জনসন্ধির নিয়ম-২ | 05:12 Mins |
| | ৫ | বিসর্গসন্ধি | 10:45 Mins |

## LIST OF VIDEOS IN LEARNING APP

| Chapter | Sl. No | Topics | Duration |
|---|---|---|---|
| শব্দ গঠন ও বাংলা শব্দভাণ্ডার | ১ | উপসর্গ | 11:03 Mins |
| | ২ | অনুসর্গ | 07:26 Mins |
| | ৩ | ধাতু (ভাগ-১) | 08:05 Mins |
| | ৪ | ধাতু (ভাগ-২) | 04:33 Mins |
| | ৫ | প্রত্যয় (ভাগ-১) | 05:51 Mins |
| | ৬ | প্রত্যয় (ভাগ-২) | 04:50 Mins |
| | ৭ | প্রত্যয় (ভাগ-৩) | 04:20 Mins |
| | ৮ | প্রত্যয় (ভাগ-৪) | 03:58 Mins |
| | ৯ | শব্দভাণ্ডার (ভাগ-১) | 07:58 Mins |
| | ১০ | শব্দভাণ্ডার (ভাগ-২) | 05:16 Mins |
| শব্দ ও পদ | ১ | শব্দ ও শব্দের গঠনগত শ্রেণিবিভাগ | 08:06 Mins |
| | ২ | শব্দের অর্থমূলক শ্রেণিবিভাগ | 06:03 Mins |
| | ৩ | অনুসঙ্গ নিষ্পন্ন শব্দ ও তার শ্রেণিবিভাগ | 09:49 Mins |
| | ৪ | পদ, বিশেষ্য পদ (ভাগ-১) | 04:40 Mins |
| | ৫ | বিশেষ্য পদ (ভাগ-২) | 04:15 Mins |
| | ৬ | বিশেষণ পদ (ভাগ-১) | 05:24 Mins |
| | ৭ | বিশেষণ পদ (ভাগ-২) | 05:56 Mins |
| | ৮ | বিশেষণ পদ (ভাগ-৩) | 06:38 Mins |
| | ৯ | সর্বনাম (ভাগ-১) | 05:09 Mins |
| | ১০ | সর্বনাম (ভাগ-২) | 03:25 Mins |
| | ১১ | সর্বনাম (ভাগ-৩) | 05:32 Mins |
| | ১২ | অব্যয় (ভাগ-১) | 07:03 Mins |
| | ১৩ | অব্যয় (ভাগ-২) | 07:36 Mins |

## LIST OF VIDEOS IN LEARNING APP


| Chapter | Sl. No | Topics | Duration |
|---|---|---|---|
| | ১৪ | ক্রিয়া | 09:31 Mins |
| | ১৫ | ক্রিয়ার কাল, অতীত কাল | 07:04 Mins |
| | ১৬ | বর্তমান কাল | 05:12 Mins |
| | ১৭ | ভবিষ্যৎ কাল | 04:29 Mins |
| | ১৮ | ক্রিয়ার ভাব | 04:11 Mins |
| প্রবন্ধ রচনা | ১ | প্রবন্ধ রচনা | 13:24 Mins |
| ভাব-সম্প্রসারণ | ১ | ভাব-সম্প্রসারণ | 07:50 Mins |
| ভাবার্থ লিখন | ১ | ভাবার্থ | 05:35 Mins |
| সারাংশ | ১ | সারাংশ | 06:00 Mins |
| গল্প লিখন | ১ | গল্প রচনা | 07:38 Mins |




# অধ্যায়ভিত্তিক ভিডিও সহায়িকা

কী আছে এই ভিডিও সহায়িকায় ? আছে প্রত্যেকটি অধ্যায়ভিত্তিক প্রশ্নোত্তরের আলোচনা। পরীক্ষায় প্রত্যেকটি অধ্যায় থেকে যা যা প্রশ্ন আসতে পারে সেই সমস্ত ধরনের প্রশ্ন ও উত্তর আলোচনা করা হয়েছে এই ভিডিও সহায়িকায়। শুধু তাই না, ছাত্রছাত্রীদের যাতে না বুঝে মুখস্থ করতে না হয়, তাই সঙ্গে থাকছে প্রত্যেকটি প্রশ্নোত্তরের প্রয়োজন অনুযায়ী ব্যাখ্যা। এইসব অধ্যায়ভিত্তিক প্রশ্নোত্তর ছাত্রছাত্রীরা পেয়ে যাবে আমাদের অ্যাপের ভিডিও সহায়িকা বিভাগে। আমাদের অভিজ্ঞ শিক্ষকমণ্ডলীর দাবি পরীক্ষায় এর বাইরে কোনো প্রশ্ন আসতে পারে না। স্মার্ট বুকের মধ্যে থাকা কোডের মাধ্যমে সম্পূর্ণ বিনামূল্যে ছাত্রছাত্রীরা আমাদের অ্যাপের এই ভিডিও সহায়িকা ব্যবহার করতে পারবে।

## ভিডিও সহায়িকা পাওয়া যাবে অ্যাপের হোম পেজেই





# কলিঙ্গদেশে ঝড়-বৃষ্টি

**মুকুন্দ চক্রবর্তী**

## কবি পরিচিতি

- চণ্ডীমঙ্গল কাব্যের কবিদের মধ্যে অন্যতম হলেন মুকুন্দ চক্রবর্তী।
- কবি মুকুন্দ চক্রবর্তী রচিত 'চণ্ডীমঙ্গল' কাব্যটির একাধিক নাম পাওয়া যায়। এগুলি হল— 'অভয়ামঙ্গল', 'অম্বিকামঙ্গল', 'কবিকঙ্কন চণ্ডী' ইত্যাদি।

**উৎস:** 'কলিঙ্গদেশে ঝড়-বৃষ্টি', পাঠ্যাংশটি কবিকঙ্কণ মুকুন্দ চক্রবর্তীর চণ্ডীমঙ্গল কাব্যের আখেটিক খণ্ডের কালকেতুর উপাখ্যান থেকে সংগৃহীত।

## সারসংক্ষেপ

- মুকুন্দ চক্রবর্তীর 'কলিঙ্গদেশে ঝড়-বৃষ্টি' কবিতাটি 'অভয়ামঙ্গল' বা 'চণ্ডীমঙ্গল' কাব্যের আখেটিক খণ্ড থেকে নেওয়া হয়েছে। কবিতাটিতে পৌরাণিক চণ্ডীর সঙ্গে লৌকিক চণ্ডীর সংমিশ্রণ ঘটেছে। এখানে কালকেতুর গুজরাট রাজ্যের প্রজার অভাব মেটাতে দেবী চণ্ডীকার নির্দেশে কলিঙ্গদেশে প্রবল ঝড়বৃষ্টির বর্ণনা স্থান পেয়েছে। কলিঙ্গ রাজ্যে প্রবল ঝড়বৃষ্টির প্রভাবে গোটা কলিঙ্গ রাজ্য কালো অন্ধকারে এমনভাবে ছেয়ে গেছে যে সেখানে কেউ কিছু দেখতে পাওয়ার অবস্থাতেই নেই। সেই কারণে প্রজারাও নিজেদের গৃহ ছেড়ে হুড়োহুড়ি করে দৌড়োনো শুরু করেছে। মেঘের গর্জনে সমগ্র কলিঙ্গ রাজ্য কেঁপে উঠেছে। এই ঝড়বৃষ্টির কথাতেই 'অষ্ট গজরাজের' প্রসঙ্গ উঠে এসেছে। এমন ঝড়বৃষ্টি কেউ আগে কখনও যেন দেখেনি। টানা সাতদিন ধরে বৃষ্টির প্রভাবে ঘরবাড়ি ভেসে গেছে। শস্যসকল উপড়ে গিয়ে নিশ্চিহ্ন হয়েছে। বড়ো বড়ো অট্টালিকা ঝড়বৃষ্টির প্রভাবে ভেঙে টুকরো টুকরো হয়ে গেছে। পর্বতসমান বিশালাকার ঢেউয়ে যেন সমগ্র কলিঙ্গ রাজ্য ভেসে যাওয়ার উপক্রম হয়েছে। এইভাবেই কবি এই কবিতায় নানান প্রাকৃতিক ও পৌরাণিক অনুষঙ্গ এনে কবিতাটি শেষ করেছেন।

## নামকরণের সার্থকতা

- যে-কোনো সাহিত্যকর্মের গুরুত্বপূর্ণ বিষয় হল নামকরণ। নামকরণের মাধ্যমে সাহিত্যটির মূলভাব, বিষয়বস্তু অনেকটা ফুটে ওঠে। কবি মুকুন্দ চক্রবর্তীর 'চণ্ডীমঙ্গল' কাব্যের আখেটিক খণ্ডের অন্তর্গত কাব্যাংশটির নাম 'কলিঙ্গদেশে ঝড়-বৃষ্টি'।

কলিঙ্গদেশে দেবী চণ্ডীর রোষে যে প্রাকৃতিক বিপর্যয়ের সূচনা হয়েছিল, তার বর্ণনা কাব্যাংশে পাওয়া যায়। কলিঙ্গদেশে হঠাৎই ঈশান কোণে মেঘ জমা হতে থাকে। ফলে দেশে ঘন অন্ধকার নেমে আসে। কালো মেঘের বুক চিরে ঘনঘন বিদ্যুতের ঝলকানি দেখা যায়। আর সঙ্গে শুরু হয় মুষলধারে বৃষ্টি। বিপদের আশঙ্কা করে কলিঙ্গের মানুষেরা ঘরবাড়ি ছাড়ে। সবুজ প্রকৃতি ধুলায় ঢেকে যায়। সাতদিন ধরে অনবরত চলতে থাকে মেঘের গর্জন, বজ্রপাত এবং ঝড়ের তাণ্ডব। রাস্তাঘাট প্রবল বর্ষণে জলমগ্ন হয়ে পড়ে আর সেখানে বিষধর সাপেদের ভেসে বেড়াতে দেখা যায়। শস্যের ক্ষতি হয়, শিলাবৃষ্টির ফলে অট্টালিকা ভেঙে পড়ে। কলিঙ্গে পর্বতসমান ঢেউয়ের ফলে ঘরবাড়িরও ক্ষতি হয়। এভাবে পুরো কাব্যাংশ জুড়ে যেহেতু কলিঙ্গে ঘটে-চলা ভয়ানক বিপদের বর্ণনা দেওয়া হয়েছে তাই বিষয়গত দিক দিয়ে কাব্যাংশের নামকরণ সার্থক হয়েছে।

## বিশেষ শব্দার্থ

- কৈল— করল
- ঈশান— উত্তর-পূর্ব দিক
- নিমিষেক—মুহূর্ত
- উচ্চনাদ— জোরে জোরে শব্দ
- প্রলয়— ধ্বংস
- রড়— দ্রুতগতিতে পালানো
- হরিৎ— সবুজ
- উলটিয়া— উলটে যাওয়া
- বেঙ্গ— ব্যাঙ
- তড়কা— বজ্রাঘাত
- করি-কর— হাতির শুঁড়
- সোঙর— স্মরণ করা
- ভুজঙ্গ— সাপ
- বুলে— ভ্রমণ করা/ঘুরে বেড়ানো
- দলমল— টলমল করা
- আছুক— থাকুক
- হেজ্যা— নষ্ট
- বিদারিয়া— বিদীর্ণ হওয়া
- ভাদ্রপদ— ভাদ্রমাসের সময়

## Special Tips

- কবি মুকুন্দ চক্রবর্তীর লেখা চণ্ডীমঙ্গল কাব্যের আখেটিক খণ্ডের অন্তর্গত কাব্যাংশটির নাম 'কলিঙ্গদেশে ঝড়বৃষ্টি আরম্ভ'। পাঠ্যাংশের নামটির বদল ঘটিয়ে রাখা হয়েছে 'কলিঙ্গদেশে ঝড়-বৃষ্টি'।

## অতিসংক্ষিপ্ত প্রশ্নোত্তর মান-১

**১ 'অভয়ামঙ্গল' বা 'অম্বিকামঙ্গল'-এ কোন্ দেবীর মহিমা ব্যক্ত হয়েছে?**

'অভয়ামঙ্গল' বা 'অম্বিকামঙ্গল'-এ দেবী চণ্ডীর মহিমা ব্যক্ত হয়েছে।

**২ মুকুন্দ চক্রবর্তীর উপাধি কী ছিল?**

মুকুন্দ চক্রবর্তীর উপাধি ছিল কবিকঙ্কন।

**৩ কলিঙ্গের বর্তমান নাম কী?**

কলিঙ্গের বর্তমান নাম উড়িষ্যা বা ওড়িশা।

**৪ চারিদিক কীসে অন্ধকার হয়ে গিয়েছিল?**

চারিদিক ঘন মেঘে অন্ধকার হয়ে গিয়েছিল।

**৫ 'দেখিতে না পায় কেহ' — কেউ কী দেখতে পায় না?**

কলিঙ্গদেশের আকাশ মেঘাচ্ছন্ন হওয়াতে সমগ্র কলিঙ্গদেশ অন্ধকারে আচ্ছন্ন হয়ে পড়েছিল। তাই কলিঙ্গবাসী নিজেদের অঙ্গ দেখতে পায় না।

**৬ কোন্ কোণের মেঘে বিদ্যুৎ চমকাচ্ছিল?**

ঈশান কোণের মেঘে বিদ্যুৎ চমকাচ্ছিল।

**৭ আকাশের কোন্ দিকের বাতাসে মেঘ দুড়দুড় করে ডাকে?**

উত্তর পবনে বা উত্তর দিকের বাতাসে মেঘ দুড়দুড় করে ডাকে।

**৮ কত প্রকার মেঘে জল দেয়?**

মুকুন্দ চক্রবর্তী রচিত 'কলিঙ্গদেশে ঝড়-বৃষ্টি' কবিতায় চারপ্রকার মেঘে জল দেয়। পুরাণ মতে সেই চারপ্রকার হল —সম্বর্ত, আবর্ত, পুষ্কর, দ্রোণ।

**৯ 'নাদ' শব্দের অর্থ কী?**

'নাদ' শব্দের অর্থ হল তীব্র আওয়াজ।

**১০ বিপাকে পড়ে প্রজা কী করেছিল?**

'কলিঙ্গদেশে ঝড়-বৃষ্টি' কবিতাটিতে বিপাকে পড়ে প্রজা ভবন বা ঘরবাড়ি ছেড়ে দৌড় দিয়েছিল।

**১১ 'হুড় হুড় দুড় দুড়' কথাটির অর্থ কী?**

'কলিঙ্গদেশে ঝড়-বৃষ্টি' কবিতাটিতে কলিঙ্গদেশের মেঘের প্রবল গর্জনকে বোঝানোর জন্য 'হুড় হুড় দুড় দুড়' শব্দের প্রয়োগ করা হয়েছে।

**১২ 'উলটিয়া পড়ে শস্য'—শস্য কেন উলটিয়া পড়ে?**

'কলিঙ্গদেশে ঝড়-বৃষ্টি' কবিতায় দেবী চণ্ডীর ছলনায় কলিঙ্গদেশের বুকে নেমে আসে প্রবল ঝড়বৃষ্টি। সেই ঝড়বৃষ্টির আঘাতে জমির শস্য বা ফসল উলটে পড়তে থাকে।

**১৩ "চারিমেঘে জল দেয় অষ্ট গজরাজ" — এই উক্তিটির অর্থ লেখো।**

'কলিঙ্গদেশে ঝড়-বৃষ্টি' কবিতাটিতে পুরাণ অনুসারে চারটি মেঘ অর্থাৎ সম্বর্ত, আবর্ত, পুষ্কর, দ্রোণকে জল প্রদান করে যে অষ্ট গজরাজ অর্থাৎ আটটি হস্তির কথা বলেছেন।

**১৪ 'করি-কর সমান....'—'করি-কর' শব্দের অর্থ কী?**

'কলিঙ্গদেশে ঝড-বৃষ্টি' কবিতাটিতে কবি 'করি' অর্থাৎ হাতি এবং 'কর' অর্থাৎ শুঁড়কে বুঝিয়েছেন। 'কর'-এর আক্ষরিক অর্থ হাত হলেও কবি রূপক অর্থে এখানে শুঁড়কে বুঝিয়েছেন।

**১৫ জলে মহী একাকার হয়ে যাওয়াতে কী হয়েছে?**

কবিতায় বৃষ্টির জলে 'মহী' অর্থাৎ পৃথিবীর পথঘাট জলে মগ্ন হয়ে যাওয়ার কারণে পথ হারিয়ে গিয়েছিল জলের তলায়।

**১৬ "ভাদ্রপদ মাসে যেন পড়ে থাকা তাল,"– কথাটির অর্থ কী?**

কলিঙ্গদেশে প্রচণ্ড ঝড়-বৃষ্টি শুরু হওয়ার সঙ্গে সঙ্গে আকাশ থেকে শিল পড়তে থাকে, তা একসময় গৃহস্থের চাল ভেদ করে মেঝেতে পড়ে। এটিকে কবি তাঁর ভাবনাতে ভাদ্র মাসে তাল পড়ার সঙ্গে তুলনা করেছেন।

**১৭ চণ্ডীর আদেশে বীর হনুমান কী করেছেন?**

কবিতায় কবি বলেছেন দেবী চণ্ডীর আদেশে বীর হনুমান কলিঙ্গদেশের মঠ-অট্টালিকা ভেঙে খান্‌খান্ করে দিয়েছেন।

**১৮ ঢেউগুলির আকৃতি কেমন ছিল?**

'কলিঙ্গদেশে ঝড়বৃষ্টি' কবিতাটিতে প্রবল জলোচ্ছ্বাসের কারণে ঢেউগুলি পর্বতের ন্যায় বিশাল ছিল।

**১৯ নদনদীগণ কার আদেশে ধায়?**

কবিকঙ্কণ রচিত 'কলিঙ্গদেশে ঝড়-বৃষ্টি' কবিতায় দেবী চণ্ডীর আদেশে নদনদীগণ ধায়।

**২০ "অম্বিকামঙ্গল গান শ্রীকবিকঙ্কণ"—এখানে 'অম্বিকামঙ্গল' কী? অম্বিকামঙ্গলের গান কে শুনিয়েছেন?**

দেবী চণ্ডীর অপর নাম হল 'অম্বিকা', তাই 'চণ্ডীমঙ্গলের অপর নাম অম্বিকামঙ্গল।

অম্বিকামঙ্গলের গান শুনিয়েছেন কবিকঙ্কণ মুকুন্দরাম চক্রবর্তী।

## সংক্ষিপ্ত প্রশ্নোত্তর মান-৩

**১ "ঈশানে উড়িল মেঘ সঘনে চিকুর"—'ঈশান' শব্দের অর্থ কী? উদ্ধৃতাংশটির তাৎপর্য ব্যাখ্যা করো।**

কবিকঙ্কণ মুকুন্দ চক্রবর্তীর 'চণ্ডীমঙ্গল' কাব্যের অন্তর্গত 'কলিঙ্গদেশে ঝড়-বৃষ্টি' কাব্যাংশে 'ঈশান' শব্দের অর্থ উত্তর-পূর্ব কোণ।

কাব্যাংশে দেখা যায় কলিঙ্গদেশে দেবী চণ্ডীর রোষে আকস্মিক প্রাকৃতিক বিপর্যয় শুরু হয়। আকাশের ঈশান অর্থাৎ উত্তর-পূর্ব কোণে মেঘ জমতে শুরু করে, ফলে আকাশ অন্ধকারাচ্ছন্ন হয়ে পড়ে। মেঘের বুক চিরে অবিরাম বিদ্যুতের ঝিলিক পরিস্থিতিকে আরও ভয়াবহ করে তোলে।

**২ "বিপাকে ভবন ছাড়ি প্রজা দিল রড়"— 'রড়' শব্দের অর্থ কী? কোথাকার প্রজারা কী কারণে বিপাকে পড়েছিল?**

কবিকঙ্কণ মুকুন্দ চক্রবর্তী রচিত 'চণ্ডীমঙ্গল' কাব্যের অন্তর্গত 'কলিঙ্গদেশে ঝড়-বৃষ্টি' কাব্যাংশের 'রড়' শব্দের অর্থ পালিয়ে যাওয়া।

দেবী চণ্ডীর রোষে কলিঙ্গদেশে প্রবল বিপর্যয় দেখা দেয়। আকাশ ঘন কালো মেঘে ঢাকা পড়ে যায়। ঘন ঘন বিদ্যুতের ঝলকানি পরিস্থিতিকে আরও ভয়ানক করে তোলে। মেঘের প্রবল গর্জনের সঙ্গে শুরু হয় প্রবল বর্ষণ। এই কারণে কলিঙ্গবাসী প্রজারা বিপাকে পড়েছিল এবং আতঙ্কিত হয়ে ঘরবাড়ি ছেড়ে পালিয়ে গিয়েছিল।

**৩ "কলিঙ্গে সোঙরে সকল লোক যে জৈমিনি"— জৈমিনি কে? কলিঙ্গবাসীর জৈমিনিকে স্মরণ করার কারণ কী?**

কবিকঙ্কণ মুকুন্দ চক্রবর্তী রচিত 'কলিঙ্গদেশে ঝড়-বৃষ্টি' কাব্যাংশে উল্লিখিত জৈমিনি হলেন একজন ঋষি যার নাম স্মরণ করলে প্রাকৃতিক দুর্যোগ বন্ধ হয়ে যায়।

কলিঙ্গদেশে দেবী চণ্ডীর রোষে আকস্মিকভাবেই আকাশে কালো মেঘ জমতে শুরু হয়। সঙ্গে প্রবল মেঘগর্জন, বিদ্যুৎচমক, বর্ষণও আরম্ভ হয়। প্রাকৃতিক বিপর্যয়ে কলিঙ্গবাসী আতঙ্কিত, অসহায়, ভীত হয়ে পড়ে এবং প্রাণ বাঁচানো ও বিপদ থেকে রক্ষা পাওয়ার জন্য ঋষি জৈমিনিকে স্মরণ করতে থাকে।

## রচনাধর্মী প্রশ্নোত্তর মান-৫

**১ "প্রলয় গণিয়া প্রজা ভাবয়ে বিষাদ" — কী দেখে প্রজাদের প্রলয় মনে হয়েছিল? এই প্রলয়ের ফলে কী হয়েছিল?**

কবি মুকুন্দ চক্রবর্তী রচিত 'কলিঙ্গদেশে ঝড়-বৃষ্টি' নামক কাব্যাংশে দেখা যায় দেবী চণ্ডীর কোপে কলিঙ্গদেশের আকাশ মেঘে ঢাকা। ঈশান অর্থাৎ উত্তর-পূর্ব কোণে মেঘ ঘনিয়ে আসে। সঙ্গে দেখা যায় বিদ্যুৎচমক। কলিঙ্গে মুষলধারে বৃষ্টি শুরু হয়। এইসব কিছু দেখেই কলিঙ্গের প্রজাদের প্রলয় মনে হয়েছিল।

কলিঙ্গদেশের আকাশে মেঘ জমা হয়, ঘনঘন বিদ্যুৎচমক দেখা যায়। এরই সঙ্গে শুরু হয় প্রবল বৃষ্টি। এইসব কিছুর ফলে কলিঙ্গবাসীর মনে ভয় সৃষ্টি হয়। তারা ঘর ছেড়ে দ্রুত পালাতে থাকে। চতুর্দিক ধুলায় ঢেকে গিয়েছিল। ঝড়ের দাপটে শস্যখেত নষ্ট হয়ে গিয়েছিল। এত প্রবলভাবে বৃষ্টি পড়তে থাকে যে মনে হয় আট দিকের আটটি হাতি যেন বৃষ্টিধারায় সব ভাসিয়ে নিয়ে যাবে। প্রবল বৃষ্টিপাতের ফলে পথঘাটও জলে ডুবে যায়। ঘোর অন্ধকারে দিন-রাত্রির প্রভেদ মুছে যায়। জলমগ্ন রাস্তায় সাপ ভেসে বেড়াতে থাকে। ভীত কলিঙ্গবাসী দুর্যোগ থেকে রক্ষা পেতে ঋষি জৈমিনিকে স্মরণ করতে থাকে। সাতদিন ধরে টানা বৃষ্টিপাতের ফলে কৃষিকাজ ক্ষতিগ্রস্ত হয়, ঘরবাড়ি সব নষ্ট হয়ে যায়। কবি বলেছেন ভাদ্র মাসের তালের মতো বড়ো আকারের শিলা ঘরের চাল ভেদ করে পড়তে থাকে। দেবী চণ্ডীর আদেশে পর্বতের মতো উঁচু ঢেউয়ের আঘাতে সব বাড়িঘর 'দলমল' করে ওঠে। চণ্ডীর প্রকোপে এইভাবে ভয়াবহ প্রাকৃতিক দুর্যোগ দেখা দিলে অসহায়, সন্ত্রস্ত প্রজারা কলিঙ্গ ত্যাগ করে চলে যায়।

**২ 'কলিঙ্গদেশে ঝড়-বৃষ্টি' কবিতায় প্রকাশিত প্রাকৃতিক বিপর্যয়ের চিত্র কতটা বাস্তবতার সঙ্গে চিত্রিত হয়েছে আলোচনা করো।**

**অথবা,**

**'কলিঙ্গদেশে ঝড়বৃষ্টি' কবিতায় কলিঙ্গে যে প্রাকৃতিক বিপর্যয় ঘটেছিল, তা কীভাবে কলিঙ্গবাসীর জীবনকে বিপন্ন করে তুলেছিল বুঝিয়ে দাও।**

কবিকঙ্কণ মুকুন্দ চক্রবর্তী রচিত 'চণ্ডীমঙ্গল' কাব্যের আখেটিক খণ্ডের 'কলিঙ্গদেশে ঝড়-বৃষ্টি' কাব্যাংশে দেখা যায় কলিঙ্গদেশে দেবী চণ্ডীর প্রকোপে প্রবল

দুর্যোগের পরিস্থিতি। কলিঙ্গের ঈশান কোণে মেঘ জমা হয়। ঘনঘন বিদ্যুৎচমক দেখতে পাওয়া যায়। মেঘের গম্ভীর আওয়াজের সঙ্গে সঙ্গে শুরু হয় প্রবল বর্ষণ। ঝড়ের দাপটে সবুজ শস্যখেত ধুলায় ভরে ওঠে। শুধু তাই নয়, কৃষিকাজে প্রবল ক্ষতি হয়। প্রবল বর্ষণে পথঘাট ডুবে যায় এবং জলমগ্ন রাস্তায় বিষধর সাপেদের ভেসে বেড়াতে দেখা যায়। ঘোর অন্ধকারে দিন-রাতের প্রভেদ মুছে যায়। সন্ত্রস্ত কলিঙ্গবাসী এই বিপন্ন অবস্থা থেকে মুক্তি পেতে ঋষি জৈমিনিকে স্মরণ করতে থাকে। সাতদিন ধরে অবিরাম বৃষ্টির ফলে কৃষিকাজ, ঘরবাড়ি, জনজীবনের প্রবল ক্ষতি হয়। ভাদ্র মাসের তালের আকারের বড়ো শিলা ঘরের চাল ভেদ করে পড়তে থাকে। দেবীর আদেশে, সমস্ত নদনদী কলিঙ্গের দিকে ধেয়ে আসে। পর্বতের মতো বিশাল ঢেউয়ের আঘাতে বাড়িঘর ভেঙে পড়তে থাকে। এই ভয়ংকর প্রাকৃতিক বিপর্যয়ে অসহায়, ভীত প্রজারা প্রাণ বাঁচানোর তাগিদে কলিঙ্গ ত্যাগ করে চলে যায়।

## শিক্ষক-শিক্ষিকার পরামর্শ

'চণ্ডীমঙ্গল' মঙ্গলকাব্যের অন্যতম। মধ্যযুগের একটি বিশেষ কাব্যের ধরন হল মঙ্গলকাব্য। মধ্যযুগের কাব্য সম্বন্ধে তোমাদের অবগত করার জন্য পৌরাণিক ও লৌকিক চণ্ডীর সংমিশ্রণ ঘটিয়ে দেবী চণ্ডী সম্পর্কে কবি এই কবিতায় জানাতে চেয়েছেন। তাই তোমাদেরও পাঠ্যাংশের এই কবিতাটি খুব মন দিয়ে পড়া উচিত।

## বিশেষ আগ্রহী ছাত্রছাত্রীদের জন্য প্রশ্ন

**১. কবিতায় আলোচিত দেবী চন্ডীর উৎস সম্পর্কে কী জানো? প্রাসঙ্গিক বৈশিষ্ট্য লেখো।**

**২. 'কলিঙ্গদেশে ঝড় বৃষ্টি' অংশে প্রাকৃতিক দৃশ্যের বর্ণনা দাও।**

**৩. আলোচ্য কবিতায় ঝড় বৃষ্টির পূর্ব মুহূর্তটি লেখো।**

**৪. বাজকে 'বেঙ্গ তড়কা' বলা হয়েছে কেন?**

**৫. প্রজারা 'চমকিত' হয়ে পড়ে কেন?**

# CHAPTERWISE MOCK TEST

## শ্রেণি: নবম

## বিষয়: বাংলা

## কলিঙ্গদেশে ঝড় বৃষ্টি

**সময় : ৩০ মিনিট** **পূর্ণমান: ১৫**

**১। সঠিক উত্তরটি বেছে নিয়ে লেখো।** ১ × ৪ = ৪

১.১ 'চন্ডীর আদেশ পান'—চন্ডীর আদেশ কে পেয়েছিল?

(ক) জাম্বুবান (খ) বীর হনুমান (গ) কলিঙ্গবাসী (ঘ) গুজরাটবাসী

১.২ 'ধূলে আচ্ছাদিত হইল যে হরিত।'—'হরিত' শব্দের অর্থ কী?

(ক) ধূসর (খ) সবুজ (গ) নীল (ঘ) লাল

১.৩ 'তড়কা' শব্দের অর্থ হল—

(ক) বৃষ্টি (খ) বিদ্যুৎ (গ) বন্যা (ঘ) বজ্র

১.৪ 'অম্বিকামঙ্গল'—কোন্ দেবীর মাহাত্ম্য গান?

(ক) মনসা (খ) চন্ডী (গ) অন্নদা (ঘ) শীতলা

**২। নিম্নলিখিত প্রশ্নগুলির নির্দেশ অনুযায়ী উত্তর দাও।** ১ × ৫ = ৫

২.১ 'ঈশানে উড়িল মেঘ সঘনে চিকুর,'—'ঈশান' শব্দের অর্থ কী?

২.২ 'ভাদ্রপদ মাসে যেন পড়ে থাকা 'তাল'—কীসের সঙ্গে তুলনা?

২.৩ 'কলিঙ্গদেশে ঝড়বৃষ্টি'—পাঠ্যাংশ কোন্ কাব্যের অন্তর্গত?

২.৪ মুকুন্দ চক্রবর্তীর উপাধি কী?

২.৫ দেবী চন্ডী নদ-নদীকে কী আদেশ দিয়েছিলেন?

**৩। কম-বেশি ৬০টি শব্দে যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও।** ৩ × ২ = ৬

৩.১ বৃষ্টির ফলে কলিঙ্গদেশে কী ঘটল?

৩.২ 'আছুক শস্যের কার্য্য হেজ্যা গেল ঘর।'—প্রসঙ্গ উল্লেখ করে ব্যাখ্যা করো।

৩.৩ অষ্ট গজরাজের পরিচয় দাও।

এই অধ্যায়ের প্রশ্নপত্রের উপর পরীক্ষা দিয়ে সেই উত্তরপত্রের ছবি তুলে Learning App-এ আপলোড করে দিলেই ওই প্রশ্নপত্রের Model Answer ছাত্রছাত্রীরা ডাউনলোড করে নিতে পারবে। আরও জানতে Call করো এই নম্বরে— 9903985050